

বাংলাদেশ দূতাবাস
এথেন্স, গ্রীস

প্রেস বিজ্ঞপ্তি

২৫ জানুয়ারী ২০১৭

বাংলাদেশে ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির জন্য গ্রীক ব্যবসায়ীদের প্রতি আহ্বান

বিভিন্ন খাতে বিদেশী বিনিয়োগের জন্য বাংলাদেশে বিনিয়োগবান্ধব পরিবেশ বিরাজমান এবং গ্রীক ব্যবসায়ীরা বাংলাদেশের সাথে বিনিয়োগ এবং ব্যবসায়িক সম্পর্ক বৃদ্ধির মাধ্যমে দ্বিপাক্ষিক সম্পর্ক আরো জোরদার করতে সক্ষম হবে। গতকাল এথেন্সে একটি স্থানীয় হোটেলে গ্রীক ব্যবসায়ীদের সমন্বয়ে গঠিত গ্রীক-এশিয়ান বিজনেস কাউন্সিল এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদানকালে গ্রীসে নিযুক্ত বাংলাদেশ রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন এ কথা বলেন। বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির উচ্চ হারের কথা উল্লেখ করে রাষ্ট্রদূত বলেন যে, ২০৩০ সাল নাগাদ বাংলাদেশ একটি বড় অর্থনীতির তালিকায় স্থান করে নেবে। এ প্রসঙ্গে তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্প ২০৪১ এর কথা উল্লেখ করে বলেন যে, বাংলাদেশকে একটি উন্নত দেশে পরিণত করার জন্য পৃথিবীর বিভিন্ন বন্ধুপ্রতিম রাষ্ট্রের সাথে নিবিড়তর সম্পর্ক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে গ্রীক-এশিয়ান বিজনেস কাউন্সিল বাংলাদেশসহ এশিয়ার বিভিন্ন দেশ এবং গ্রীসের ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে ঘনিষ্ঠতর যোগাযোগ প্রতিষ্ঠায় জোরালো ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

গ্রীসের সাথে এশিয়ার বিভিন্ন দেশের ব্যবসা বাণিজ্য উন্নয়নে কাজ করার লক্ষ্যে গ্রীক-এশিয়ান বিজনেস কাউন্সিল গঠন করা হয়। গ্রীক-এশিয়ান বিজনেস কাউন্সিলের বোর্ড চেয়ারম্যান জনাব কনস্টানটিনোস অ্যান্তোনোপুলোস (Mr. Konstantinos Antonopoulos) এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় গ্রীক সরকারের অলটারনেট ফরেন মিনিস্টার জনাব জর্জ কার্তুগালোস (Mr. George Katrougalos) এর দেয়া বক্তব্য পড়ে শোনান গ্রীক পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক জনাব আবাটিস। এছাড়াও অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন গ্রীসে নিযুক্ত ভারত, দক্ষিণ কোরিয়া, ইরান এবং জাপানের রাষ্ট্রদূত। অনুষ্ঠানে উপস্থিত বিপুল সংখ্যক ব্যবসায়ী তাঁদের স্ব স্ব ব্যবসার ক্ষেত্র উল্লেখ করে এশিয়ার দেশগুলির সাথে ব্যবসায়িক সম্পর্ক ঘনিষ্ঠ করার জন্য গভীর আহ্বা প্রকাশ করেন। অন্যান্যদের মধ্যে স্থানীয় কূটনৈতিক মিশনের সদস্যবৃন্দ, গ্রীক সরকারের উচ্চপদস্থ কর্মকর্তাগণ এবং সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এথেন্সস্থ বাংলাদেশ দূতাবাস গ্রীস এবং বাংলাদেশের মধ্যে অর্থনৈতিক সম্পর্ক বৃদ্ধির লক্ষ্যে গত ২০ ডিসেম্বর ২০১৬ তারিখে দূতাবাসে 'বাংলাদেশ-দ্যা ড্রীম ডেসটিনেশন ফর বিজনেস এন্ড ইনভেস্টমেন্ট' শীর্ষক একটি সেমিনারের আয়োজন করে। গ্রীক-এশিয়ান বিজনেস কাউন্সিল গ্রীস এবং বাংলাদেশসহ এশিয়ার অন্যান্য দেশের মধ্যে অর্থনৈতিক সম্পর্ক ঘনিষ্ঠ করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

.....

Sujan Debnath
First Secretary
Embassy of Bangladesh
Athens, Greece